দৈনিক সংবাদ

০3 MAY 1987
তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ২

১৯শে বৈশাখ, ১৩৯৪

10

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিএসসি ও বিকম পরীক্ষার ফল ঘোষণা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৬ সালের বিএসসি ও বিকম (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। গতকাল শনিবার একই সাথে বি এসসি সার্টিফিকেট কোর্স এবং বিএসসি গার্হস্থ্য অর্থনীতি (পাস) পরীক্ষার

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পাতার পর)

ফলাফলও প্রকাশিত হয়েছে।

বিএসসি (পাস) পরীক্ষায় পাসের হার শতকরা ৪৭ দশমিক ৪৬। মোট ৬ হাজার ২০১ জন পরীক্ষার্থীর মধ্যে প্রথম বিভাগে ৬ জনসহ মোট ২ হাজার ৯৭৪ জন উত্তীর্ণ হয়েছেন। মুন্সীগঞ্জ হরগঙ্গা কলেজের পাসের হার সর্বোচ্চ ৯৪ দশমিক ৬, অন্যদিকে ফরিদপুরের ইয়াসিন কলেজ ও ভাঙা কে এম কলেজের মোট ৮ জন পরীক্ষার্থীর কেউ পাস করেনি। বিএসসি সাবসিডিয়ারী পরীক্ষায় পাসের হার ৩০ দশমিক ৯।

বিকম (পাস) পরীক্ষার পাসের হার ৩৪ দশমিক ২। মোট ৫ হাজার ৮৪২ জন পরীক্ষার্থীর মধ্যে ২ জন প্রথম বিভাগসহ মোট উত্তীর্ণ হয়েছেন ১হাজার ৯৯৮ জন। বিকম সাবসিডিয়ারী পরীক্ষায় পাসের হার ৪০ দশমিক ২। বিএ (পাস ও সাবসিডিয়ারী) পরীক্ষার ফলাফল আগামী এক সপ্তাহের মধ্যে প্রকাশিত হবে বলে পরীক্ষা নিয়ন্ত্রণ দফতর সূত্রে জানা গেছে।